

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, এপ্রিল ৩০, ২০২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

[মূসক-আইন ও বিধি শাখা]

সাধারণ আদেশ

তারিখ: ২৪ চৈত্র, ১৪৩২ বঙ্গাব্দ/০৭ এপ্রিল, ২০২৬ খ্রিষ্টাব্দ

বিষয় : "নির্মাণ সংস্থা" সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ১৫ এর উপধারা (৩) মোতাবেক ১৫ শতাংশ হারে মূসক পরিশোধের পদ্ধতি।

সূত্র : Writ Petition No- ১৭০৪৯/২০২৫ এর বিপরীতে মাননীয় হাইকোর্ট বিভাগের Interim Order।

নং ১/মূসক/২০২৬—উপর্যুক্ত বিষয় ও সূত্রীয় পত্রের প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলো।

২। মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ১৫ এর উপ-ধারা (৩) এর বিধান অনুযায়ী কোনো নিবন্ধিত ব্যক্তি তৃতীয় তফসিলে বর্ণিত হাসকৃত মূসক হার কিংবা সুনির্দিষ্ট করের পরিবর্তে নির্ধারিত পদ্ধতিতে ১৫ শতাংশ হারে মূসক প্রদান করিতে পারিবে।

৩। নির্মাণ সংস্থা সেবা প্রদানকারী ব্যক্তি বা প্রতিষ্ঠান আইনের ধারা ১৫ এর উপ-ধারা (৩) অনুযায়ী ১৫ (পনের) শতাংশ হারে মূসক প্রদানপূর্বক আইনের ধারা ৪৬ সহ আইনের অন্যান্য বিধানাবলি এবং নিম্নবর্ণিত শর্তাবলি পরিপালন ও পদ্ধতি অনুসরণপূর্বক পরিশোধিত উপকরণ কর রেয়াত গ্রহণ করতে পারবে:

(ক) নির্মাণ সংস্থা (সেবা কোড: S০০৪.০০) হিসেবে নিবন্ধিত প্রতিষ্ঠানটিকে আইনের ধারা ১৫ এর উপ-ধারা (৩) অনুযায়ী ১৫ (পনের) শতাংশ হারে মূসক প্রদান করবে মর্মে সংশ্লিষ্ট ভ্যাট বিভাগীয় দপ্তরে ঘোষণা পত্র দাখিল করতে হবে এবং উক্ত ঘোষণা দাখিলের দিন হতে প্রতিষ্ঠান কর্তৃক করযোগ্য সকল সরবরাহের বিপরীতে ১৫ শতাংশ হারে ভ্যাট পরিশোধ করতে হবে;

(১৭৪০৯)

মূল্য : টাকা ৪-০০

- (খ) নির্মাণ সংস্থা হিসেবে নিবন্ধিত কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান আংশিকভাবে ১০% এবং আংশিকভাবে ১৫% মুসক প্রদান করতে পারবে না;
- (গ) দরপত্রে উল্লেখিত মূল্য বিবেচনায় প্রদেয় মুসকের বিপরীতে রেয়াত সমন্বয়পূর্বক ১৫% হারে মুসক প্রদান করার ক্ষেত্রে অনলাইনে ফরম মুসক-৯.১ দাখিলের সময় দরপত্রের সাথে সংযুক্ত BOQ (Bill Of Quantity) এর কপি বিবিধ দলিলাদি হিসেবে সংযুক্ত করতে হবে;
- (ঘ) কার্যাদেশ অনুযায়ী নির্মাণ সংস্থা সেবা প্রদানকারী ব্যক্তি বা প্রতিষ্ঠান যে সকল পণ্য এবং/অথবা সেবা সরবরাহ করেছে তার সুনির্দিষ্ট তালিকা ও মূল্য, সরবরাহ গ্রহণকারী প্রতিষ্ঠান প্রধান বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা বা প্রকল্প পরিচালক এর নিকট হতে প্রত্যয়ন গ্রহণপূর্বক সংশ্লিষ্ট ভ্যাট বিভাগীয় কার্যালয়ে দাখিল করতে হবে;
- (ঙ) কার্যাদেশ বহির্ভূত কোন পণ্য এবং/অথবা সেবা সরবরাহের ক্ষেত্রে উপকরণ কর রেয়াত গ্রহণ করা যাবে না;
- (চ) মূল দরপত্রে উল্লেখিত নির্মাণ কাজে ব্যবহারযোগ্য উপকরণের হিসাব বিবরণী হিসাব ফরম-ক পূরণ করে অনলাইনে দাখিলকৃত রিটার্ন (ফরম মুসক-৯.১) এর সাথে বিবিধ দলিলাদি হিসেবে সংযুক্ত করতে হবে।

| ফরম-ক | | | | | | |
|---|---|--|--------------------|-------------------|---------------------------------------|---------|
| নির্মাণ সংস্থা সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের নাম : | | | | | | |
| নির্মাণ সংস্থা সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের BIN : | | | | | | |
| দরপত্র দাতা প্রতিষ্ঠানের নাম : | | | | | | |
| দরপত্র দাতা প্রতিষ্ঠানের BIN প্রযোজ্য ক্ষেত্রে : | | | | | | |
| দরপত্র নম্বর, তারিখ ও মোট মূল্য : | | | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ক্রমিক নং | কার্যাদেশে উল্লিখিত BOQ (Bill Of Quantity) অনুযায়ী উপকরণসমূহের নাম | BOQ (Bill Of Quantity) মোটাবেক সরবরাহকৃত উপকরণের নাম | সরবরাহের পরিমাণ | সরবরাহের তারিখ | অবশিষ্ট উপকরণের পরিমাণ (৩-৪) | মন্তব্য |
| | | | | | | |

৪। মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ৩২ক এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধি ১১৮ক এ প্রদত্ত ক্ষমতাবলে এ আদেশ জারি করা হলো।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

ব্যারিস্টার মোঃ বদরুজ্জামান মুন্সী
দ্বিতীয় সচিব (মুসক আইন ও বিধি)।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd